

বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি কাউন্সিল নির্বাচন আচরণবিধি- ২০২২

লক্ষ্য ও উদ্দেশ্য:

- বাংলাদেশের শীর্ষস্থানীয় শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান-এর ঐতিহ্য সমুল্লত রেখে সোসাইটির গঠনতন্ত্রের আলোকে বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত করা;
- বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি 'কাউন্সিল নির্বাচন' সুষ্ঠু, স্বচ্ছ এবং নিরপেক্ষভাবে অনুষ্ঠিত করা;
- সোসাইটির নির্বাচন পরিচালনার ক্ষেত্রে গঠনতন্ত্রে (৬-১৬) উল্লিখিত ধারাসমূহ অনুসরণ করে নির্বাচন পরিচালনা করা।

নির্বাচনী প্রচারণা সংক্রান্ত আচরণবিধি

১. নির্বাচনী প্রচারণা সংক্রান্ত হ্যাণ্ডবিলে সোসাইটির লোগো ব্যবহার করা যাবে না;
২. প্রচারণার অংশ হিসেবে ভোটারদেরকে কোনোরকম উপহার প্রদান করা যাবে না;
৩. নির্বাচনী প্রচারণাকালে কোনোধরনের ব্যক্তিগত কুৎসা রটনা করা যাবে না এবং বিষয়টি নির্বাচনী আচরণবিধির লঙ্ঘন বলে গণ্য হবে।


নির্বাচনের সাথে সোসাইটির কর্মকর্তা-কর্মচারীদের সংশ্লিষ্টতা প্রসঙ্গে

১. নির্বাচন পরিচালনার ক্ষেত্রে সোসাইটির কর্মকর্তা-কর্মচারীগণ শুধু নির্বাচন কমিশনের নির্দেশনা মেনে চলবেন। বুথ ও প্যাভেল তৈরি করে সম্মানিত ভোটারগণের বসার ব্যবস্থা করতে সহায়তা করবেন;
২. ব্যক্তিগতভাবে কোনো প্রার্থী কর্মকর্তা-কর্মচারীদের কোনো নির্দেশনা দিতে পারবেন না;
৩. সোসাইটির কর্মকর্তা-কর্মচারীদের তথ্য প্রদানের জন্য কোনোরকম চাপ প্রয়োগ করা যাবে না।

ভোট গ্রহণকালীন বিধিমালা

১. ভোট গ্রহণকালে প্রার্থীগণ বুথ থেকে ন্যূনতম ১০ গজের বাইরে তাদের প্রচারণা চালাতে পারবেন;
২. ভোট গ্রহণ এবং ফলাফল প্রকাশ না হওয়া পর্যন্ত সোসাইটির সম্মানিত সদস্য, ভলান্টিয়ার, প্রার্থী, সোসাইটির কর্মকর্তা-কর্মচারী এবং নির্বাচনের সঙ্গে সম্পর্কিত ব্যক্তিবর্গ ব্যতীত অন্য কোনো ব্যক্তি এএসবি ক্যাম্পাসে অবস্থান করতে পারবেন না।

J. Shaujan
20.12.21


20.12.21